গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
হরিণাকুণ্ডু, ঝিনাইদহ।
http://food.harinakundu.jhenaidah.gov.bd

স্মারক নম্বর: ১৩.০৫.৪৪১৪.০০৮.১৬.০০১.২৫-৪৪

তারিখ: ২৭/০১/২০২৫ খ্রি.

## খাদ্যবান্ধব ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

এতদ্বারা হরিণাকুণ্ডু উপজেলার নিম্নোক্ত ০৮ টি ইউনিয়নের খাদ্যশস্য লাইসেন্সধারী ব্যবসায়ীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, খাদ্য অধিদপ্তরের অধীন প্রতি কেজি ১৫ টাকা দরে মাসে ৩০ কেজি করে বছরে ০৫ মাস (মার্চ, এপ্রিল, সেপ্টেম্বর, অক্টোবর, নভেম্বর) খাদ্যবান্ধব চাল বিক্রয় করা হয়। উক্ত কার্যক্রম পরিচালনার লক্ষে ০৮ টি ইউনিয়নে ১৬ ষোল জন খাদ্যবান্ধব ডিলার নিয়োগ করা হবে। নিম্নলিখিত ইউনিয়নের খাদ্যশস্য লাইসেন্সধারী আগ্রহী ব্যবসায়ীদের নিকট হতে আবেদন আহ্বান করা হল।

| ক্র.নং | ইউনিয়ন | ডিলার সংখ্যা |
|---|---|---|
| ০১ | ভায়না | ০২ |
| ০২ | জোড়াদহ | ০২ |
| ০৩ | তাহেরহুদা | ০২ |
| ০৪ | দৌলতপুর | ০২ |
| ০৫ | কাপাশহাটিয়া | ০২ |
| ০৬ | ফলসী | ০২ |
| ০৭ | রঘুনাথপুর | ০২ |
| ০৮ | চাঁদপুর | ০২ |
| মোট= | | ১৬ |

**শর্তাবলী:**

০১. আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়নের বাসিন্দা এবং বয়স কমপক্ষে ১৮ বছর হতে হবে;

০২.একজন আবেদনকারী শুধু একটি বিক্রয়কেন্দ্রের জন্য আবেদন করতে পারবেন;

০৩.একটি বিক্রয় কেন্দ্রের বিপরীতে নির্ধারিত সংখ্যার চেয়ে অধিক সংখ্যক ডিলার আবেদন করলে যোগ্য আবেদনকারীদের উপস্থিতিতে লটারির মাধ্যমে ডিলার নির্বাচিত করা হবে;

০৪.খাদ্যবান্ধব ডিলার হিসেবে আবেদনকারীর দোকান/সংযুক্ত গুদামের মেঝে পাকাসহ কমপক্ষে ১৫.০০০(পনেরো) মে.টন খাদ্যশস্য নিরাপদ ও স্বাস্থ্যসম্মতভাবে সংরক্ষণের সুব্যবস্থা থাকতে হবে;

০৫. আবেদনকারীকে আর্থিকভাবে স্বচ্ছল ও খাদ্যশস্যের হিসাব সংরক্ষণে সক্ষম হতে হবে;

০৬.বর্তমানে নিয়োজিত ডিলারগণ খাদ্যবান্ধব ডিলার হিসেবে নিয়োগ প্রাপ্তির জন্য আবেদন করতে পারবেন;

০৭.আবেদনকারী যে কেন্দ্রের জন্য আবেদন করবেন সেই কেন্দ্রে নিজস্ব/ভাড়ায় দোকান ঘর থাকতে হবে, তবে কর্তৃপক্ষ প্রয়োজনে বিতরণকেন্দ্রের অবস্থান পুনর্নির্ধারণ করতে পারবেন;

০৮.একই ব্যক্তি খাদ্য বিভাগের একাধিক কর্মসূচির জন্য এবং খাদ্য বিভাগ কর্তৃক কালো তালিকাভুক্ত, বাতিলকৃত, সাময়িকভাবে বরখাস্তকৃত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান ও প্রজাতন্ত্রের লাভজনক পদে অধিষ্ঠিত কোন কর্মকর্তা/কর্মচারি/জনপ্রতিনিধি ডিলার হতে পারবেন না;

০৯.নির্বাচিত ডিলারের নিকট থেকে ২৫,০০০/-(পঁচিশ হাজার) টাকার ফেরতযোগ্য জামানত পে-অর্ডার আকারে জমা নেয়া হবে এবং নির্ধারিত শর্তাবলী সম্বলিত ৩০০/- টাকার (পরিবর্তনযোগ্য) নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গিকারনামা নেয়া হবে;

১০.অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে;

১১.কর্তৃপক্ষ প্রয়োজনে অত্র ডিলার নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয় পরিবর্তন/পরিমার্জন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১২.আবেদনপত্র মুখবন্ধ খামে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে আগামী ১০/০২/২০২৫ খ্রি: তারিখ বিকাল ০৫:০০ ঘটিকার মধ্যে অফিস চলাকালীন সময়ে জমা প্রদান করতে হবে এবং খামের উপরে ইউনিয়নের নাম, বিক্রয়কেন্দ্রের নাম ও নিজ নাম, ঠিকানা, মোবাইল নম্বর লিখতে হবে;

**আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে:**

ক.পাসপোর্ট সাইজের ২(দুই) কপি ছবি; খ.খাদ্যশস্য লাইসেন্স এর ফটোকপি; গ.ট্রেড লাইসেন্স এর ফটোকপি; ঘ.ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক সচ্ছলতার সনদপত্র; ঙ.দোকানের মালিকানা/ভাড়া সংক্রান্ত কাগজপত্রের ফটোকপি; চ.জাতীয় পরিচয়পত্রের ফটোকপি; ছ.নাগরিকত্ব সনদ এবং জ. অঙ্গীকারনামা।

**বি.দ্র: খাদ্যবান্ধব ডিলারশিপ প্রাপ্তির জন্য নির্ধারিত ফরমে আবেদন করতে হবে; আবেদন ফরম ও অঙ্গীকারনামা উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, হরিণাকুণ্ডু, ঝিনাইদহ হতে সংগ্রহ করতে হবে।**

২৭/০১/২৫

(মোছাঃ মুনিরা আক্তার)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
হরিণাকুণ্ডু, ঝিনাইদহ।